



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চসিক শিক্ষা প্রতিষ্ঠান বিবিধ বাজেট ও কর্মদিবসে দাখিলের নির্দেশ মাননীয় মেয়রের

২৩ অক্টোবর ২০১৮ খ্রি.

মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন বলেছেন, সুন্দর সমাজ বিনির্মাণ, সভ্যজাতি ও সমৃদ্ধ দেশ গঠনে শিক্ষার কোন বিকল্প নেই। সু-শিক্ষায় শিক্ষিত সূনাগরিক গড়ার কারিগর হল শিক্ষক। সূনাগরিক গড়তে শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা অপরিসীম। শিক্ষার গুরুত্ব বিবেচনা এবং শিক্ষাবান্ধব নগর গড়ে তুলতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বছরে শিক্ষাখাতে প্রায় ৪৩ কোটি টাকা ভূতর্কী দিয়ে আসছে। তিনি আজ মঙ্গলবার দুপুরে সিটি কর্পোরেশন কনফারেন্স হলে চসিক পরিচালিত কলেজের গভর্নিং বডি ও স্কুল পরিচালনা পর্ষদের সভায় সভাপতির বক্তব্যে একথা বলেন। প্রতিষ্ঠানগুলো হলো পাঁচলাইশ এস.এম.নাছির উদ্দিন সি/ক মহিলা কলেজ, চসিক প্রিমিয়ার কলেজ, কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ, দেওয়ান হাট সি/ক কলেজ, ইমারাতুল্লাহ সিটি কর্পোরেশন কিন্ডারগার্টেন ও পূর্ব বাকলিয়া সিটি কর্পোরেশন কিন্ডারগার্টেন। সভায় কলেজ গভর্নিং বডি ও স্কুল পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্যে প্যানেল মেয়র ও কাউন্সিলর প্রফেসর ড. নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, কাউন্সিলর আলহাজ্ব কফিল উদ্দিন খান, মো. সাহেদ ইকবাল বাবু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারহানা জাবেদ, চসিক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষা কর্মকর্তা ও সচিব মো. আবুল হোসেন, সৈয়দ মাহমুদুল হক, আলহাজ্ব নুরুল বশর মিয়া, ইঞ্জিনিয়ার এস এম রিজওয়ানুল বারী, জয়নাব বেগম, বিনু আরা বেগম, মো. আবু তৈয়ব চৌধুরী, সারওয়ার মোরশেদ কচি, আলহাজ্ব শফিকুল আলম, কামরুল হাসান, মো. ইয়াকুব, মো. জানে আলম, তপন চন্দ্র মজুমদার, মো. সেলিম উদ্দিন, আয়েশা নাজনিন, মো. আমিনুল হক, মো. জাহাঙ্গীর আলম, মিসেস জুলেখা খানম পারজানা, মোস্তাক আহমদ, ইয়াছমিন আক্তার, তাহেরা বেগম, মো. সালাউদ্দিন, মিসেস নাগিস সুলতানা, মিসেস আজিজ ফাতেমা, মো. সাইফুল্লাহ, মিসেস শাহিন আক্তার। উপস্থিত ছিলেন। সভায় কলেজ ও স্কুলের সদস্য সচিবগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করেন এবং আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান স্কুল ও কলেজ বিবিধ খাতে আয়-ব্যয়ের বাজেট আগামী তিন কর্মদিবসে কর্পোরেশনের প্রধান কার্যালয়ে দাখিল করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের প্রতি নির্দেশ দিলেন সিটি মেয়র আ.জ.ম নাছির উদ্দীন। দাখিলকৃত এই বাজেট যাচাই-বাছাই পূর্বক শিক্ষা প্রতিষ্ঠান বিবিধ খাতে ব্যয় করার জন্য প্রয়োজনীয় অর্থ প্রদান করা হবে। মেয়র বলেন শিক্ষকদের বলা হয় মানুষ গড়ার কারিগর। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ। তাই কোমলমতি শিশু কিশোরদের সঠিক পদ্ধতিতে উত্তম শিক্ষায় শিক্ষিত সু-নাগরিক হিসেবে গড়ে তুলতে দায়িত্ব পালন করেন শিক্ষকগণ। শিক্ষককে হতে হবে সৎ, চরিত্রবান, দায়িত্বশীল এবং শিক্ষাদানে যত্নশীল। শিক্ষকতা শুধু একটি চাকুরী নয়, সুন্দর সমাজ ও রাষ্ট্র গঠনে প্রকৌশলী বা কারিগরের ভূমিকা পালনে মানসিকতা থাকতে হবে। এ প্রসঙ্গে মেয়র শিক্ষার হার এবং শিক্ষার মানোন্নয়ন চসিক পরিচালিত স্কুল ও কলেজ সমূহে নিয়োজিত শিক্ষকদেরকে শিক্ষার পরিবেশ ও উন্নত শিক্ষা দান পদ্ধতি সম্পর্কে সচেতনতামূলক সভা আয়োজনের কথা বলেন। মেয়র আরো বলেন স্কুল কলেজের শিক্ষার পরিবেশ এবং অন্যান্য আনুসাংগিক সমস্যা সমাধানের দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পালন করতে হবে। সভায় চসিক প্রিমিয়ার কলেজের নির্বাহী কমিটির সদস্য চসিক প্যানেল মেয়র ও কাউন্সিলর নিছার উদ্দিন আহমদ মঞ্জু মালয়েশিয়ার কুয়ালালামপুর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করায় কলেজটির পক্ষ থেকে তাকে সংবর্ধনা প্রদান এবং কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজে শহীদ মিনার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভিন্ন রোগে আক্রান্তদের মাঝে
চেক বিতরণে মাননীয় মেয়র

২৩ অক্টোবর ২০১৮ খ্রি.

ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক, প্যারালাইজাড ও জন্মগতভাবে প্রতিবন্ধীদের মাঝে চেক বিতরণ করেছে চট্টগ্রাম সমাজ সেবা অধিদপ্তর। মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চিকিৎসা সহায়তায় এসব রোগে আক্রান্তদের হাতে চেক তুলে দেন। প্রতিজনকে ৫০ হাজার টাকা করে ১৫ জনের মাঝে মোট ৭ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক শহীদুল ইসলাম। এতে প্যানেল মেয়র ও কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, মেয়রের একান্ত সচিব মফিদুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বর্তমান শেখ হাসিনার সরকার একটি কল্যাণমুখী সরকার। এই সরকার সিটি কর্পোরেশন এলাকায় সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা প্রদান করেছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, বেদে সম্প্রদায়, অনগ্রসর জনগোষ্ঠী, হিজরা, দলিত হরিজন জনগোষ্ঠীর মাঝে মাসিক বিভিন্ন হারে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান করেছে। তাই বর্তমান সরকারের ধারাবাহিকতা রক্ষা করা গেলে আগামীতে এ ধরনের কার্যক্রম আরো বৃদ্ধি পাবে। মেয়র চেক নিতে আসা ক্যান্সারসহ বিভিন্ন রোগে আক্রান্তরা আশু রোগমুক্তি লাভ করে, যাতে সুস্থ জীবনে ফিরে আসতে পারেন মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে এই কামনা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা